জগদ্‌গত জনমাত্রেরও কোন ভেদদৃষ্টি করে না, সেই তোমাদিগকে আমরা স্তব করিয়া থাকি। এস্থলে "নাত্মনশ্চ পরস্যাপি তদ্‌যুষ্মান্ বয়মীমহি"—এই শ্লোকস্থ 'তৎ' পদের অর্থ শ্রীগোস্বামীপাদ করিতেছেন—"তৎ ততোঽপি মার্কণ্ডেয়াদীদ্ শুদ্ধবৈষ্ণবান্ বয়মীমহি ভজেম ইত্যর্থঃ" অর্থাৎ সেই সকল সমদর্শী শান্তজ্ঞানী ভক্তকে অতিক্রম করিয়াও শুদ্ধবৈষ্ণব মার্কণ্ডেয় প্রভৃতিকে আমরা (ব্রহ্মা বিষ্ণু শিব) ভজন করিয়া থাকি। শ্রীশিব ৪।২৪।৩০ শ্লোকে শ্রীপ্রচেতার প্রতি যাহা বলিয়াছেন, তাহারও অভিপ্রায় পূর্ব্বোক্ত প্রকারেই পাওয়া যায়। ভগবান্ যেমন আমার প্রিয়, ভগবদ্ভক্ত তোমরাও আমার সেইপ্রকার প্রিয়। ভগবদ্ভক্তগণেরও আমা ভিন্ন অন্য কেহ প্রিয় নাই; আমারও শ্রীভগবদ্ভক্তভিন্ন অন্য কেহই প্রিয় নাই। এই প্রমাণে শ্রীশঙ্করের শ্রীভগবৎপ্রিয়ত্বই বর্ণিত হইয়াছে। অন্যত্রও দেখা যায়—ভগবান্ শ্রীহরি প্রসন্ন হইলে স্থাবর জঙ্গমের সহিত আমি, (শিব) প্রসন্ন হইয়া থাকি। শ্রীমার্কণ্ডেয়ের শুদ্ধ-বৈষ্ণবত্ব সম্বন্ধে পূর্ব্বে অর্থাৎ ১২।১০।৬ শ্লোকে শ্রীশিববচনে স্পষ্টরূপেই উল্লিখিত হইয়াছে। যথা—

নৈবেচ্ছত্যাশিষঃ ক্বাপি ব্রহ্মর্ষির্মোক্ষমপ্যুত
ভক্তিং পরাং ভগবতি লব্ধবান্ পুরুষেঽব্যয়ে,

অর্থাৎ শ্রীশঙ্কর শ্রীউমাকে কহিলেন—হে প্রিয়ে। এই ব্রহ্মর্ষি মার্কণ্ডেয় কোন স্থানে কাহারও নিকটে ধর্ম্ম অর্থ কাম তো প্রার্থনা করেই না, এমন কি মোক্ষের পর্য্যন্ত প্রার্থনা করে না। তাহা করিবেই বা কেন? এই মার্কণ্ডেয় যে অব্যয়-পুরুষ শ্রীভগবানে পরাভক্তি লাভ করিয়াছে। আরও একটু বিশেষ বুঝিবার বিষয় এই যে—শ্রীশিব যখন মার্কণ্ডেয়ের হৃদয়ে অবিভূত হইলেন, তখন তাঁহার সমাধি ভঙ্গ হইয়াছিল। এস্থলে যদি শ্রীহর ও শ্রীহরি সর্ব্বথা অভেদ হইবেন, তবে মার্কণ্ডেয়ের সমাধি ভঙ্গ হইবে কেন? ইহা দ্বারা শ্রীহরি-হরের পার্থক্য স্পষ্টই পাওয়া যাইতেছে। সেই সমাধি ভঙ্গ-বিষয়ে ঐ দ্বাদশ স্কন্ধের দশম অধ্যায়ে উল্লেখ করা হইয়াছে যে—"কিমিদং কুত এবেতি সমাধেবিরতো মুনিঃ"—অর্থাৎ মুনি মার্কণ্ডেয় নিজ হৃদয়ে আবির্ভূত শিবমূর্ত্তি দর্শন করিয়া ভাবিলেন—আমার হৃদয়ে এ কি দেখিতেছি এবং এ মূর্ত্তিটি কোথা হইতেই বা আসিল? এইপ্রকার চিত্তচাঞ্চল্য বশতঃ সমাধি হইতে বিরত হইলেন। ১২।১০ অধ্যায়ে শ্রীমার্কণ্ডেয়ের প্রতি শ্রীশিব "ব্রাহ্মণাঃ সাধবঃ শান্তা" ইত্যাদি "অহঞ্চ ভগবান্ ব্রহ্মা স্বয়ঞ্চ হরিরীশ্বর"—এই শ্লোকে যে হরি-হরে অভেদ দৃষ্টি উপদেশ করিয়াছেন, তাহাতেও 'হরি' শব্দের পূর্ব্বে 'স্বয়ং' এই পদটি উল্লেখ করিয়াছেন; ইহা দ্বারাও শ্রীহরিরই প্রাধান্য বলা